# পশ্চিমবঙ্গ স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্প: প্রশ্নোত্তর

| ক্রমিক সংখ্যা | প্রশ্ন | উত্তর |
|---|---|---|
| | সাধারণ প্রকল্প সম্পর্কিত প্রশ্ন | |
| ১। | পশ্চিমবঙ্গ ক্রেডিট কার্ড স্কীমে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য সরকারী ওয়েবসাইট কি আছে? | পশ্চিমবঙ্গ ক্রেডিট কার্ড স্কীমে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশনের জন্য সরকারী ওয়েবসাইট পশ্চিমবঙ্গ উচ্চশিক্ষা দপ্তরের banglaruchchashikkha.wb.gov.in অথবা http://wbscc.wb.gov.in, contactwbscc@gmail.com |
| ২। | পশ্চিমবঙ্গ ক্রেডিট কার্ড স্কীমের সহায়তার জন্য হেল্প ডেস্ক নম্বর ও ই-মেল কি? | পশ্চিমবঙ্গ ক্রেডিট কার্ড স্কীমের জন্য হেল্প ডেস্ক নম্বরঃ 18001028014<br>সহায়ক ই-মেলঃ wbscc@bangla.gov.in, contactwbscc@gmail.com |
| ৩। | রেজিস্ট্রেশনের পর ছাত্র-ছাত্রীরা কি নিশ্চিতকরণের জন্য SMS বা ই-মেল পাবেন? | হ্যাঁ, সম্পূর্ণ রেজিস্ট্রেশন হবার পরে ছাত্রছাত্রীরা তাদের রেজিস্টার্ড মোবাইল নম্বরে নিশ্চিতকরণ SMS এবং ই-মেল পাবেন |
| ৪। | অনলাইন ফর্ম ফিলাপ করার সময় কোন কোন নথিগুলি আপলোড করতে হবে? আপলোড করার জন্য নথিগুলির ফাইল সাইজ কত হতে হবে? | অনলাইন ফর্ম ফিলাপ করার সময় নিম্নলিখিত নথিগুলি আপলোড করতে হবে:<br><br>১। আবেদনকারীর রঙিন ছবি (.jpeg/.jpg ফর্ম্যাটে, সর্বাধিক 50 KB এবং ন্যূনতম 20 KB)<br>২। সহ-আবেদনকারীর/ সহ-ঋণগ্রহীতার রঙিন ছবি (.jpeg/.jpg ফর্ম্যাটে, সর্বাধিক 50 KB এবং ন্যূনতম 20 KB)<br>৩। ছাত্র/ছাত্রীর স্বাক্ষর (.jpeg/.jpg ফর্ম্যাটে, সর্বাধিক 50 KB এবং ন্যূনতম 10 KB)<br>৪। সহ-ঋণগ্রহীতার/ অভিভাবকের স্বাক্ষর ((.jpeg/.jpg ফর্ম্যাটে, সর্বাধিক 50 KB এবং ন্যূনতম 10 KB)<br>৫। ছাত্র/ছাত্রীর আধার কার্ড (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)<br>৬। আবেদনকারীর বয়সের প্রমাণপত্র (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)<br>৭। সহ-আবেদনকারীর/ সহ-ঋণগ্রহীতার ঠিকানার প্রমাণপত্র (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)<br>৮। ভর্তি হওয়ার রসিদ (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB) |

| | | |
|---|---|---|
| | | ৯। ছাত্র/ছাত্রীর প্যান কার্ড/ যদি প্যান কার্ড না থাকে তাহলে পোর্টালে প্রদত্ত format অনুযায়ী অঙ্গীকার-পত্র (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)<br>১০। অভিভাবকের প্যান কার্ড (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)<br>১১। উচ্চ-শিক্ষাপ্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষের থেকে দেওয়া শংসাপত্র/ প্রসপেক্টাস, যেখানে ভর্তি হওয়ার ফি, পরীক্ষার ফি, হোস্টেলের খরচ ইত্যাদির উল্লেখ আছে (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)।<br>১২। আবেদনকারীর শেষ উত্তীর্ণ হওয়া পরীক্ষার মার্কশিট/ শংসাপত্র (.pdf ফর্ম্যাটে, সর্বাধিক 400 KB এবং ন্যূনতম 50 KB)। |
| ৫। | এই স্কীমটি সম্পূর্ণ করার জন্য আবাসন শংসাপত্র এবং অনগ্রসর সম্প্রদায়ের শংসাপত্রের প্রয়োজন আছে কি? | ফর্ম ভর্তির জন্য আবাসন শংসাপত্র এবং অনগ্রসর সম্প্রদায়ের শংসাপত্রের প্রয়োজন নেই |
| ৬। | SCC Scheme-এর জন্য কাকে পশ্চিমবঙ্গের অধিবাসী বলে ধরা হবে?<br>আবেদন করার সময় কি ঠিকানার প্রমাণপত্র হিসাবে কি কোন নথি জমা করতে হবে? | যদি ছাত্র/ছাত্রী বা তার পরিবার আবেদনের তারিখ থেকে অন্তত ১০ বছর আগে থেকে পশ্চিমবঙ্গের বাসিন্দা হয়, তাকে এই প্রকল্প অনুযায়ী পশ্চিমবঙ্গের অধিবাসী বলে ধরা হবে।<br><br>ছাত্র/ছাত্রীদের ঠিকানার প্রমাণ হিসেবে তাদের দেওয়া স্বঘোষণাকেই মান্যতা দেওয়া হবে। |
| ৭। | রেজিস্ট্রেশন ফর্মের হার্ড কপি পাঠানোর প্রয়োজন আছে কি? | না। আপনি নিজের কাছে রেখে দিতে পারেন ভবিষ্যতের জন্য। |
| ৮। | কলেজ যদি সাহায্য না করে তবে কার কাছে সাহায্য চাইতে পারি? | নিজের প্রতিষ্ঠানের হেল্প ডেস্ক অফিসারের সঙ্গে যোগাযোগ করুন অথবা State Help Desk (Toll Free No. 1800 1028 014 Support Mail ID:-<br>wbscc@bangla.gov.in<br>contactwbscc@gmai.com |
| ৯। | SCC Scheme-এ ছাত্র ছাত্রীরা কি পরিমাণ ঋণ পেতে পারে? | এই SCC Scheme-এ ছাত্র-ছাত্রীরা ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ পেতে পারেন। |
| ১০। | কোন কোন খরচের জন্য ঋণ চাওয়া যেতে পারে? | এই ঋণটিতে প্রদত্ত টাকা নিম্নলিখিত খরচগুলির জন্য ব্যয় করা যেতে পারে-<br><br>(ক) বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ফি দেওয়ার জন্য (যেমন স্কুল/ কলেজ/ ইউনিভার্সিটি/ বৃত্তিমূলক প্রতিষ্ঠান/ |

| | | |
|---|---|---|
| | | কোচিং ক্লাস) । এছাড়াও UPSC/SSC/PSC-র প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতি নেওয়ার জন্য Coaching Institute-এর ফি-ও প্রকল্পের আওতায় পড়ে। এর মধ্যে ফেরতযোগ্য টাকা/ পরীক্ষা/ লাইব্রেরি/ল্যাবরেটরির ফি (স্কুলের বিল অথবা রসিদ দ্বারা প্রমাণিত) অন্তর্ভূক্ত হবে।<br>(খ) হোস্টেল ফি/ অন্যত্র থাকার বাড়িভাড়া/ লাইসেন্স ফি অথবা পেয়িং গেস্ট হিসেবে থাকার ভাড়া।<br>(গ) বইপত্র/ কম্পিউটার/ ল্যাপটপ/ ট্যাবলেট ইত্যাদি কেনার খরচ।<br>(ঘ) শিক্ষামূলক ভ্রমণ/ প্রোজেক্ট/ থিসিস ইত্যাদির খরচ। |
| ১১। | SCC পরিকল্পনা অনুযায়ী অনুমোদিত ঋণের টাকা শতকরা কতখানি অংশ কোন প্রয়োজন ব্যয় করা যাবে? | কোন নির্দিষ্ট শিক্ষামূলক কোর্স সম্পূর্ণ না হওয়া পর্যন্ত থাকা খাওয়ার জন্য-ঋণের ২০% ব্যয় করা যাবে। নির্দিষ্ট শিক্ষামূলক course সম্পূর্ণ না হওয়া পর্যন্ত ঋণের টাকার 30% এর বেশী অপ্রাতিষ্ঠানিক কারণে ব্যয় করা যাবে না। |
| ১২। | প্রতিষ্ঠানকে দেয় টাকা কিভাবে নিতে হবে? | নির্দিষ্ট প্রতিষ্ঠানের ফি এবং প্রতিষ্ঠানের প্রদানযোগ্য অন্যান্য টাকা সরাসরি ওই প্রতিষ্ঠানের Bank A/c. এ চলে যাবে। |
| .১৩। | অপ্রতিষ্ঠানিক ব্যয় অথবা কোর্স চলাকালীন ছাত্র বা ছাত্রীর থাকা খাওয়ার ব্যয়ের টাকা কিভাবে নিতে হবে? | এই ধরনের ব্যয়ের জন্য টাকা ছাত্রের রেজিস্টার্ড Bank Account এ দেওয়া হবে। |
| ১৪। | এই ঋণের জন্য কোন NOC লাগবে কি? | না, কোন NOC লাগবে না। |
| .১৫। | SCC Scheme এ আবেদন করার জন্য নুন্যতম যোগ্যতা কি? | SCC স্কীমে আবেদন করার জন্য নূন্যতম যোগ্যতা হল পশ্চিমবঙ্গের কোন বোর্ডের থেকে ক্লাস নাইন পাশ। আবেদনকারী ছাত্রকে ক্লাস X অথবা XII এর স্বীকৃত উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের অথবা Coaching ইনস্টিটিউট এর প্রবেশিকা পরীক্ষায় ভর্তি হতে হবে অথবা ডাক্তারী/ইঞ্জিনিয়ারিং/আইন বা UPSC/PSC/SSC-র পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য কোচিং/ইনস্টিটিউটে ভর্তি হতে হবে।<br>আবেদনকারী ছাত্রকে অথবা পরিবারকে অন্ততঃ 10 বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ১৬। | যদি আগের বছর বা Semester-এর সব পরীক্ষার উত্তীর্ণ হতে না পারি তাহলে পরের বছরের Course Fee র জন্য ঋণের আবেদন কি করা যাবে? | হ্যাঁ, যে পরিমাণ টাকা মঞ্জুর করা হয়েছে তার মধ্যেই আবেদন করতে হবে। |

| | | |
|---|---|---|
| ১৭। | ঋণের কিস্তি পাওয়ার জন্য প্রতিটি Semester-এর পর Marksheet এর copy Bank এ জমা দেওয়া কি আবশ্যক? | Bank এর নিয়ম অনুযায়ী যা যা নথিপত্র জমা দেওয়া প্রয়োজন ঋণের কিস্তির জন্য জমা দিতে হবে। |
| ১৮। | কোন Final Year এর ছাত্র বা ছাত্রী SCC স্কীমে কি আবেদন করতে পারে? | হ্যাঁ। কোর্স চলাকালীন যে কোন সময়ে ছাত্র বা ছাত্রী এই স্কীমের জন্য আবেদন করতে পারে। |
| ১৯। | অন্য কোন রাজ্যের বাসিন্দা হলে এই স্কীমের জন্য কি আবেদন করতে পারে? | না। যে ছাত্র বা ছাত্রীর পরিবার অন্তত ১০ বছর পশ্চিমবঙ্গে বসবাস করেছে শুধু তারাই এই স্কীমে আবেদন করতে পারবে। |
| ২০। | আমি যদি পশ্চিমবঙ্গের বাসিন্দা হই এবং অন্য কোন রাজ্যে পড়াশোনা করি তাহলে কি আমি এই স্কীমে আবেদন করতে পারি? | হ্যাঁ। পশ্চিমবঙ্গের কোন স্বীকৃত বোর্ডের স্কুলে দশম শ্রেণী থেকে দ্বাদশ শ্রেণীতে ভর্তি হয়ে থাকলে, অথবা পশ্চিমবঙ্গে বা ভারতবর্ষের অন্য যে কোন রাজ্যের উচ্চশিক্ষামূলক প্রতিষ্ঠান অথবা কোচিং Institute এ ভর্তি হলে ঋণের আবেদন করতে পারবে। ডাক্তারি/ইঞ্জিনিয়ারিং/আইন অথবা UPSC/SSC/PSC র প্রবেশিকা পরীক্ষার জন্য Coaching Centre-এ ভর্তি হলেও পারবে আবেদনকারীর পরিবার যদি অন্ততঃ ১০ বছর পশ্চিমবঙ্গে স্থায়ীভাবে বসবাস করে। |
| ২১। | আমি কি SCC স্কীমে ঋণ পেতে পারি যদি আমি পশ্চিমবঙ্গের নিবাসী হয়ে ভারতবর্ষের বাইরে অন্য কোন জায়গায় পড়াশোনা করি? | হ্যাঁ। বিদেশে পড়াশুনার জন্যও ঋণ পাওয়া যেতে পারে। |
| ২২। | SCC স্কীমে ঋণ পাওয়ার জন্য কত শতাংশ নম্বর পেতে হবে? | SCC স্কীমে ঋণ পাওয়ার জন্য প্রাপ্ত নম্বরের কোন সম্পর্ক নেই। |
| ২৩। | আমি ঋণ না নিয়ে কি Credit Card ফেরত দিতে পারি? | হ্যাঁ। আপনি ঋণ প্রদানকারী Bank কে Credit Card ফেরত দিতে পারেন। |
| ২৪। | Credit Card আমার ভাই বা বোনকে কি Transfer করতে পারি? | না, Credit Card ট্রান্সফার করা যাবে না। |
| ২৫। | আমার ক্রেডিট কার্ডটি চুরি গেলে বা হারিয়ে গেলে কী করতে হবে? | আবেদনকারীকে স্থানীয় পুলিশ স্টেশনে যোগাযোগ করতে হবে, এবং সঙ্গে সঙ্গেই (যত তাড়াতাড়ি সম্ভব) ব্যাঙ্ককে এ’কথা জানাতে হবে। |
| ২৬। | Card নষ্ট হয়ে গেলে, Duplicate Card- এর কি ব্যবস্থা আছে? | ঋণ প্রদানকারী Bank-এর সঙ্গে যোগাযোগ করতে হবে। |

| | | |
|---|---|---|
| ২৭। | আমার ঋণের আবেদন মঞ্জুর হল কি না কিভাবে জানব? | আপনার Regd. Mobile No. এ SMS পাবেন এবং ই-মেল পাবেন। |
| ২৮। | আমি আমার SCC কিভাবে পাব? | ঋণ মঞ্জুর হয়ে গেলে Bank আপনাকে Credit Card দেবে। |
| ২৯। | সমস্যা জানানোর জন্য কোনও Grievance Cell আছে কি? | সমস্যা সমাধানের জন্য যোগাযোগ করতে পারে :<br>ক)State Help Desk No. 18001028014 Support Mail ID: support-wbscc@bangla.gov.in contactwbscc@gmail.com<br>খ) এছাড়াও মোবাইল ফোনে গুগল প্লে স্টোর থেকে SCC Grivence App ডাউনলোড করে আপনার সমস্যা জানাতে পারেন |
| ৩০। | এই ক্রেডিট কার্ডে কি আন্তর্জাতিক লেনদেনের সুবিধা পাওয়া যাবে? | না, Students’ Credit Card শুধুই অনুমোদনপ্রাপ্ত ব্যাঙ্কের মাধ্যমে দেওয়া শিক্ষা-ঋণের জন্য। |
| ৩১। | আবেদন করার জন্য উপার্জনের কোন উর্দ্ধসীমা আছে কি? | না। আবেদন করার জন্য উপার্জনের কোন উর্দ্ধসীমা নেই। |
| ৩২। | Students’ Credit Card প্রকল্পে আবেদন করার জন্য কি বয়সের কোনও ঊর্দ্ধসীমা আছে? | হ্যাঁ, ঋণের জন্য আবেদন করার সময় আবেদনকারীর বয়সের ঊর্দ্ধসীমা ৪০ (চল্লিশ) বছর। |
| ৩৩। | স্বীকৃত প্রতিষ্ঠানে Integrated Course-এ ভর্তি ছাত্ররা কি আবেদন করতে পারবে? | হ্যাঁ। Integrated UG/PG Course এর ছাত্ররা আবেদন করতে পারবে। |
| ৩৪। | রিসার্চ স্কলার/রিসার্চ অ্যাসোসিয়েট/পোস্ট ডক্টরাল রিসার্চের ছাত্ররা এই স্কীমে কি আবেদন করতে পারবে? | হ্যাঁ। রিসার্চ স্কলার/ রিসার্চ অ্যাসোসিয়েট/পোস্ট ডক্টরাল রিসার্চের ছাত্ররা এই স্কীমে আবেদন করতে পারবে। |
| ৩৫। | আমি UPSC/PSC/SSC পরীক্ষার জন্য তৈরী হচ্ছি স্নাতক হওয়ার পর আমি কোন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর Degree র জন্য ভর্তি হইনি কিন্তু আমি প্রাইভেট Coaching এ ভর্তি হয়েছি। আমি কি ঋণ পেতে পারি? | হ্যাঁ। যদি পরিবার 10 বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়। |

| | | |
|---|---|---|
| ৩৬। | আমি ১২ (দ্বাদশ) শ্রেণী পাশ করে কোন Collegeএ ভর্তি হইনি। আমি NEET/AEEE/পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি ও পরের বছর পরীক্ষা দেওয়ার জন্য Private Coaching Institute এ ভর্তি হয়েছি। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC স্কীমে আবেদন করার জন্য আপনার পরিবারকে গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ৩৭। | কোর্স চলাকালীন যে কোন সময়ে কি আমি এই ঋণের জন্য আবেদন করতে পারি? | হ্যাঁ। কোর্স চলাকালীন যে কোন সময়ে ঋণের জন্য আবেদন করা যাবে। |
| ৩৮। | কোন ছাত্র যদি বৃত্তি বা Freeship পায় এই স্কীমের জন্য কি আবেদন করতে পারে? | হ্যাঁ। যদি ছাত্র বৃত্তি বা Freeship পায় তবে এই স্কীমের জন্য প্রাপ্ত অর্থ Margin Money হিসাবে ব্যবহার করা হবে যদি ঋণের পরিমাণ ৪ লক্ষের বেশী হয়। |
| ৩৯। | সাদা কালো ছবি অনলাইনে অ্যাপ্লাই করার সময় দেওয়া যাবে কি? | না, শুধু রঙিন ছবি দেওয়া যাবে। |
| ৪০। | ছাত্র/অভিভাবক/সহআবেদন কারীর ছবির কোন নির্দিষ্ট মাপ আছে কি? | ছবি ও আপলোড করার নথিপত্রের মাপ আবেদনপত্রে ও User manual-এ দেওয়া আছে। |
| ৪১। | আমি আবেদন করার সময় আমার ছবি আপলোড করেছি, কিন্তু দেখা যাচ্ছে না। সমস্যার সমাধান কি ভাবে হবে? | আবেদনকারীকে অ্যাপ্লিকেশন আইডি সহ হেল্প ডেস্ক নম্বরঃ 18001028014 সহায়ক ই-মেলঃ support-wbscc@bangla.gov.in contactwbscc@gmail.com |
| ৪২। | Students' Credit Card Scheme-এর আওতায় কোন কোন ব্যাঙ্ক ঋণ দেবে এবং ক্রেডিট কার্ড প্রদান করবে? | দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট কোঅপারেটিভ ব্যাঙ্ক, প্রতি জেলার সেন্ট্রাল কো অপারেটিভ ব্যাঙ্ক(চারটি জেলা যথা বীরভূম, পুরুলিয়া, মুর্শিদাবাদ এবং দক্ষিণ দিনাজপুর বাদে), পাবলিক সেক্টর ব্যাঙ্ক, প্রাইভেট ব্যাঙ্ক এবং গ্রামীণ ব্যাঙ্ক এই স্কিমের আওতায় ঋণ মঞ্জুর করবে। |
| ৪৩। | ব্যাঙ্কের কোন শাখা আমার ঋণ প্রদান করবে? | Portal-এর ড্রপ ডাউন মেনু থেকে নিজের ব্যাঙ্ক নির্বাচন করতে হবে |
| ৪৪। | কি হিসেবে ঋণ মঞ্জুর করা যাবে? মেয়াদী ঋণ/Cash Credit ঋণ? | SCC Scheme এ Bank মেয়াদী ঋণ দেবে। |
| ৪৫। | এই স্কীমে কোন মার্জিন মানি আছে কি? | ৪ লাখ পর্যন্ত ঋণের গ্রহিতাকে কোন মার্জিন মানি দিতে হবে না। ৪ লাখের উর্দ্ধে হলে মোট ঋণের ৫ শতাংশ গ্রহিতাকে দিতে হবে। কোন বৃত্তি বা আর্থিক সহায়তা |

| | | |
|---|---|---|
| | | পেলে ঋণ গ্রহিতা সেটা মার্জিন হিসাবে ব্যবহার করতে পারবে। |
| ৪৬। | ঋণ গ্রহিতাকে অতিরিক্ত কোন Security দিতে হবে কি? | ১০ লাখ পর্যন্ত অতিরিক্ত কোন Security দিতে হবে না। |
| ৪৭। | দরখাস্তকারীকে কোন চুক্তিপত্র করতে হবে কি না? | ঋণ পাওয়ার আগে ব্যাঙ্কের সঙ্গে গ্রহিতা/সহআবেদনকারীকে চুক্তিপত্র করতে হবে। |
| ৪৮। | SCC স্কীমে ঋণ পেতে সুদের হার কি? | স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কীমে সুদের হার ৪% বার্ষিক সরল সুদ। পড়াশুনা করাকালীন সম্পূর্ণ সুদ শোধ করলে ১% সুদের হার মুকুব হবে। |
| ৪৯। | শিক্ষাঋণ শোধ দেওয়ার ক্ষেত্রে দেনা স্থগিত (Moratorium) রাখার কোনো মেয়াদ আছে কি? | শিক্ষাঋণ শোধ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্সটি শেষ করার, বা চাকরি পাওয়ার (যেটি আগে ঘটবে) ১ (এক) বছর পর্যন্ত দেনা স্থগিত (Moratorium) রাখা যাবে। |
| ৫০। | এই দেনা স্থগিত রাখার মেয়াদকালে (Moratorium Period) কি সুদ ধার্য হবে? | হ্যাঁ, এই দেনা স্থগিত রাখার মেয়াদকালে (Moratorium Period) ৪% সরল বার্ষিক হারে সুদ ধার্য হবে। |
| ৫১। | এই ঋণ পরিশোধ করার মেয়াদ কতদিনের হবে? | এই Credit Card Scheme –এ নেওয়া ঋণ পরিশোধ করার সময় ১৫ (পনেরো) বছর [ঋণের প্রথম কিস্তি প্রদানের তারিখ থেকে ১ (এক) বছরের দেনা স্থগিত রাখার মেয়াদকাল (Repayment Holiday) ধরে নিয়ে]। |
| ৫২। | নির্দিষ্ট সময়ের মধ্যে ঋণ শোধ করলে কোন সুবিধা পাওয়া যাবে কি? | মোরেটোরিয়াম পিরিয়ডের মধ্যে যদি নিয়মিত সুদ পরিশোধ করা হয় তাহলে এই পিরিয়ডে প্রদেয় সুদের ১% মুকুব করা হবে। |
| ৫৩। | ঋণ গ্রহনের সময় ব্যাঙ্ক কোন ফি নেবে কি না/আগে শোধ দিলে কোন Penalty হবে কি? | Bank কোনো ফি নেবে না। Penalty হবে না। |
| ৫৪। | Processing Fee লাগবে কি? | না। |
| ৫৫। | SCC Scheme-এর আওতায় কোনো জীবন বীমা (life cover) আছে কি? | হ্যাঁ, এই প্রকল্পে ছাত্র/ ছাত্রীর নামে ঋণ দেওয়া টাকার অঙ্ক পর্যন্ত জীবন বীমা থাকবে। এই বীমার প্রিমিয়াম ছাত্র/ছাত্রীকে বহন করতে করতে হবে এবং সেটি তার লোন আকাউন্ট থেকে ডেবিট হবে। |
| ৫৬। | সহ-আবেদনকারীর যাবতীয় তথ্যাবলী জানানোর কি দরকার আছে? | হ্যাঁ, SCC Scheme-এ শিক্ষাঋণের জন্য যৌথ-আবেদন আবশ্যিক। |
| ৫৭। | কোন কোন ব্যাঙ্ক এই প্রকল্পের আওতায় শিক্ষাঋণ মঞ্জুর করবে? | ৪২ নম্বর প্রশ্নের উত্তর দ্রষ্টব্য। |

| | | |
|---|---|---|
| ৫৮। | যদি রেজিস্ট্রেশনের পরে আমি আমার ই-মেল আইডি বা অন্য যেকোনও ব্যক্তিগত তথ্য বদলাতে চাই, কী করতে হবে? | ছাত্র/ছাত্রীকে তার আধার নম্বর নিয়ে স্টেট হেল্প ডেস্ক (State Help Desk) (টোল-ফ্রী নং 18001028014)-এ যোগাযোগ করতে হবে এবং সহায়ক মেল আইডি support-wbscc@bangla.gov.in এবং contactwbscc@gmail.com-এ ই-মেল করতে হবে। |
| ৫৯। | ছাত্র/ছাত্রীর যাবতীয় নথিপত্র ও তথ্যাবলী কে যাচাই করে দেখবে?<br><br>আমি ওয়েস্ট বেঙ্গল স্টুডেন্ট ক্রেডিট কার্ড-এর জন্য উপযুক্ত আবেদনকারী, কিন্তু আমার State Cooperative Bankএ Account নেই, আমি কি আবেদন করতে পারি? | যে শিক্ষা-প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রী নথিভুক্ত হয়ে রয়েছে, সেখানকার কর্তৃপক্ষ তার যাবতীয় নথিপত্র ও তথ্যাবলী যাচাই করবে।<br><br>State Cooperative Bank-এ Account থাকা বাধ্যতামূলক নয়। যে কোন ব্যাঙ্কে Account থাকলেই হবে। |
| ৬০। | আবেদনপত্র জমা দেওয়ার আগে পোর্টালে আবেদনপত্র পরিবর্তন করার কোনও উপায় আছে কি? | হ্যাঁ। পোর্টালে আবেদনপত্র পরিবর্তন করা যাবে, যদি আবেদন পত্র জমা না হয়ে গিয়ে থাকে। জমা দেওয়ার পরে কোন পরিবর্তন করা চলবে না। |
| ৬১। | আবেদনপত্র জমা দেওয়ার পর যদি পরিবর্তন করার প্রয়োজন হয় তাহলে কি করতে হবে?<br>ছাত্রের যোগ্যতা/উপযুক্ততা কে যাচাই করবে? | ছাত্র/ছাত্রীকে স্টেট হেল্প ডেস্ক নম্বরঃ 18001028014 এ যোগাযোগ করতে হবে বা contactwbscc@gmail.com অথবা support-wbscc@bangla.gov.in -এ ই-মেল করতে হবে। |
| ৬২। | রেজিস্ট্রেশনের পরে যদি আমি আমার Login/password ভুলে যাই? | পোর্টাল থেকে User Id/Login/Password উদ্ধার করার উপায় আছে। |
| ৬৩। | আমি একটি WB Private Engineering College-এর ছাত্র। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৬৪। | আমি পশ্চিমবঙ্গের বাইরে (দেশের অন্য রাজ্যে) অবস্থিত Govt. Engineering College এ পড়ছি। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে, আপনি আবেদন করতে পারেন। |

| | | |
|---|---|---|
| ৬৫। | আমি Deemed University- এ স্নাতক Course-এ ভর্তি হয়েছি। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৬৬। | আমি পশ্চিমবঙ্গের একটি Private Engineering College – এ পড়েছি কিন্তু আমার PAN CARD নেই। আমি কিভাবে এই Scheme –এ আবেদন করব? | হ্যাঁ। আবেদন করতে পারবেন। কিন্তু ঋণ নেবার পূর্বে PAN CARD আবশ্যিক। PAN CARD না থাকলে আবেদনপত্রের সঙ্গে অঙ্গীকার পত্র (Undertaking) দিতে হবে। |
| ৬৭। | আমি স্নাতক স্তরে Hotel Management College- এর ছাত্র কিন্তু College AICTE-র অনুমোদন প্রাপ্ত নয়। আমি আবেদন করতে পারি কি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৬৮। | আমি পশ্চিমবঙ্গের বাইরে একটি National Institute of Technology তে পড়ছি। প্রতিষ্ঠানের কোন NIRF Rank নেই। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয়। SSC তে আবেদনের জন্য প্রতিষ্ঠানের কোন NIRF Rank বাধ্যতামূলক নয় |
| ৬৯। | আমি পশ্চিমবঙ্গের বাইরে অবস্থিত Private Engineering College-এর ছাত্র। কিন্তু আমার College-এর নাম – Drop Down List এর সূচীতে নেই। আমি কী আবেদন করতে পারব? | contactwbscc@gmail.com বা support-wbscc@bangla.gov.in- এ সাহায্যের জন্য Email করুন। |
| ৭০। | আমি পশ্চিমবঙ্গের একটি UGC অনুমোদিত বেসরকারী বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং কোর্সের ছাত্র। কিন্তু বিশ্ববিদ্যালয় AICTE অনুমোদিত নয়। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৭১। | আমি অন্য রাজ্যের National Institute of Technology-তে Engineering এ Ph.D করছি। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |

| | | |
|---|---|---|
| ৭২। | আমি পশ্চিমবঙ্গের বাসিন্দা, তবে ত্রিপুরায় ইঞ্জিনিয়ারিং পড়ছি। আমি কি ত্রিপুরায় আমার ভাড়া করা বাসস্থানের জন্য ঋণ পেতে পারি? | হ্যাঁ। আপনি ত্রিপুরায় পড়ার সময় ভাড়া করা বাসস্থানে থাকা খাওয়ার খরচ এই ঋণের মাধ্যমে পেতে পারেন যদি আপনি এই প্রকল্পের অন্যান্য শর্তাবলী পূরণ করেন। |
| ৭৩। | আমি AICTE অনুমোদিত ৩ বছরের Diploma Engineering Course-এর ছাত্র। আমি মাধ্যমিক/ICSE পরীক্ষায় পাশ করেছি কিন্তু উচ্চমাধ্যমিক উত্তীর্ণ নই। আমি কি আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৭৪। | আমি পশ্চিমবংগে একটি স্ব-অর্থায়িত ইঞ্জিনিয়ারিং কোর্সে Tuition Fee Waiver (TFW) প্রকল্পের আওতায় ভর্তি হয়েছি। আমি কি এই প্রকল্পে আবেদন করার যোগ্য? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৭৫। | আমি পশ্চিমবঙ্গের ইঞ্জিনিয়ারিং-এর ছাত্র/ছাত্রী এবং বর্তমানে SVMCM স্কলারশিপ পাই। আমি কি SCC প্রকল্পে আবেদন করার জন্য যোগ্য? | হ্যাঁ। প্রকল্পের শর্তাবলী পূরণ করলে আপনি ঋণ পেতে পারেন। |
| ৭৬। | আমি চার বছরের ইঞ্জিনিয়ারিং কোর্সের অন্তিম বর্ষের ছাত্র। আমি কি SCC প্রকল্পে আবেদন করার জন্য যোগ্য? | হ্যাঁ, আপনি SCC Scheme-এর আওতায় লোনের জন্য আবেদন করার জন্য যোগ্য। |
| ৭৭। | আমি আমার ৪ (চার) বছরের ইঞ্জিনিয়ারিং ডিগ্রি একটি স্ব-অর্থায়িত (self-financed) কলেজ থেকে, অন্য সংস্থা থেকে পার্সোনাল লোন নিয়ে শেষ করেছি। এই লোনটি পরিশোধ করার জন্য কি আমি এই প্রকল্পে আবেদন করতে | না, যদি আপনি বর্তমানে এই প্রকল্পের আওতায় থাকা কোনও অনুমোদন-প্রাপ্ত কোর্সে ভর্তি হয়ে থাকেন, তবেই আপনি এই প্রকল্পের মাধ্যমে ঋণ পাবেন। এই প্রকল্পের ঋণের টাকায় অন্য কোনও ঋণ পরিশোধ করার কোনও বন্দোবস্ত নেই। |

| | | |
|---|---|---|
| | পারি? | |
| ৭৮। | AISHE Code কি? NIRF কি? NAAC accreditation কি? | AISHE এর full form 'All India Survey of Higher Education' NIRF হল National Institutional Ranking Framework যার মাধ্যমে প্রতিষ্ঠানের র‍্যাংকিং করা হয়। NAAC হল জাতীয় স্তরের স্বীকৃতির প্রক্রিয়া। |
| ৭৯। | আমি পশ্চিমবঙ্গের বাইরে বেসরকারী ইঞ্জিনিয়ারিং কলেজে Computer Science এবং Engineering এর ছাত্র। আমার প্রতিষ্ঠানের NAAC স্বীকৃতি নেই বা NIRF rank-ও নেই কিন্তু কোর্সটি NBA দ্বারা স্বীকৃত। আমি কি SCC তে আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৮০। | আমি পশ্চিমবঙ্গের Civil/Mechanical/Electrical Engineering এ AMIE করছি এবং এখন Engineering College-এ স্নাতকোত্তর কোর্স করছি। আমি কি SCC র জন্য আবেদন করতে পারি? | হ্যাঁ। SCC আবেদন করার সময়, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |
| ৮১। | আমি পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের অধিভুক্ত আইটিআই (ITI) –এর ছাত্র/ ছাত্রী। আমি কি SCC প্রকল্পে আবেদন করার জন্য যোগ্য? | হ্যাঁ, যদি আপনার পরিবার গত ১০ বছর পশ্চিমবঙ্গের স্থায়ী বসিন্দা হয়, আপনার প্রতিষ্ঠান যদি স্বীকৃত হয় এবং আপনার এই স্কীমের জন্য প্রয়োজনীয় অন্যান্য যোগ্যতা থাকে। |